# Times Today BD

রেজাউল করিম লিটন | খুলনা | 23 June, 2025

চুয়াডাঙ্গায় ৬ জন কৃষি উদ্যোক্তাকে সম্মাননা প্রদান করেছে ওয়েভ ফাউন্ডেশন। আজ সোমবার (২৩ জুন) ওয়েব ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলার ৬ জন কৃষি উদ্যোক্তার হাতে সম্মাননা স্বারক তুলে দেন অতিথিরা।

এ উপলক্ষে সকাল দশটায় কোষাঘাটায় অবস্থিত ওয়েভ ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা স্থানীয় সরকার মন্ত্রনালয়ের উপ পরিচালক শারমিন আক্তার।

ওয়েভ ফাউন্ডেশনের উপ পরিচালক জহির রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার তিথী মিত্র, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারন অধিদপ্তরের অতিরিক্ত উপ পরিচালক দেবাশীষ কুমার দাস,  উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপি, অতিরিক্ত উপজেলা মৎস্য কর্মকর্তা ফারুক মহলদার, জেলা লোকমর্চার সাধারণ সম্পাদক শাহ আলম সনি।

ওয়েভ ফাউন্ডেশনের কৃষি কর্মকর্তা ফয়সাল মাহমুদ জোয়াদ্দারের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কুরআন তেলওয়াতের পর স্বাগত বক্তব্য রাখেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।এরপর অতিথিরা বক্তব্যে বলেন, 'এটি একটি মহৎ উদ্যোগ।এর মাধ্যমে আরো নতুর নতুন উদ্যোক্তা তৈরী হবে।

পিকেএসএফ'র অর্থায়নে ওয়েভ ফাউন্ডেশন কৃষি ইউনিটের আওতায় গত পাঁচ বছর ধরে

চুয়াডাঙ্গা জেলায় উদ্যোক্তাদের সম্মাননা দিয়ে আসছে।এ বছর তিনটি ক্যাটাগারি কৃষি, মৎস্য ও প্রানিসম্পদে ৬ জনকে সম্মাননা দেয়া হলো।

এরা হলেন-নিরপাদ সবজি উৎপাদনে দামুড়হুদা উপজেলার বিষ্ণুপুর গ্রামের কৃষি উদ্যোক্তা সাইফুল ইসলাম, ট্রাইকো কমপোস্ট সার উৎপাদনে মদনা গ্রামের হাফিজুর রহমান সোহাগ, মাছের পোনা উৎপাদনে কার্পাসডাঙ্গা বয়রা গ্রামের আমির হোসেন, কার্প জাতীয় মাছ মোটা-তাজা করনে পারকৃষ্ণপুর গ্রামের সুজন কুমার হালদার, ব্লাক বেঙ্গল খাসি ছাগল মোটাতাজাকরনে কোষাঘাটা গ্রামের স্বপ্না খাতুন, ভেড়া পালনে কার্পাসডাঙ্গার শিলু মন্ডল।

ফাউন্ডেশন উদ্যোক্তা কৃষি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:17

URL: https://www.timestodaybd.com/khulna/3588444625